



স্প্যানিশ ভাষা শিখে ভেনেজুয়েলার প্রেসিডেন্ট হতে চান ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ভেনেজুয়েলায় নিজের জনপ্রিয়তার কথা তুলে ধরে সেখানে প্রেসিডেন্ট নির্বাচনে অংশ নেওয়ার ইচ্ছার কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একই সঙ্গে তিনি বলেন, প্রয়োজনে দ্রুত স্প্যানিশ ভাষাও আয়ত্ত করবেন।

সোমবার (৬ এপ্রিল) হোয়াইট হাউসে এক সংবাদ সম্মেলনে হালকা রসিকতার ভঙ্গিতে ট্রাম্প মন্তব্য করেন, ভেনেজুয়েলায় প্রার্থী হলে আগের যেকোনো প্রার্থীর চেয়ে বেশি সমর্থন পাওয়ার সম্ভাবনা রয়েছে তার। ফলস্বরূপ নিউজের বরাতে এ তথ্য জানা গেছে।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্রে দায়িত্ব শেষ করেই ভেনেজুয়েলায় যাওয়ার পরিকল্পনা রয়েছে তার। ভাষা শেখার দক্ষতার কথা উল্লেখ করে ট্রাম্প জানান, অল্প সময়ের মধ্যেই স্প্যানিশ শিখে নির্বাচনে অংশ নিতে পারবেন।

উল্লেখ্য, চলতি বছরের ৩ জানুয়ারি ভেনেজুয়েলার সাবেক প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো ও তার স্ত্রীকে আটক করে যুক্তরাষ্ট্রে নেওয়া হয়। এরপর দেশটির ভাইস প্রেসিডেন্ট ডেলসি রদ্রিগেজ ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন।